

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৭৮৮২

কমলপুর, ২৩ নভেম্বর, ২০২২

নেশামুক্ত ত্রিপুরা অভিযান

দুর্গাচৌমুহনী ব্লকভিত্তিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা

নেশামুক্ত ত্রিপুরা অভিযানে ক্রীড়া ও যুব বিষয়ক দপ্তরের উদ্যোগে আজ মানিকভান্ডারের হরচন্দ্র দ্বাদশ শ্রেণী বিদ্যালয় প্রাঙ্গণে দুর্গাচৌমুহনী ব্লকভিত্তিক ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। ১৮ বছরের ঊর্ধ্বে বালক ও বালিকাদের মধ্যে ক্রীড়া ও সাংস্কৃতিক প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। এদিন ব্লকভিত্তিক অনুষ্ঠানটির উদ্বোধন করেন খলাই জিলা পরিষদের সহকারি সভাপতি অনাদি সরকার। উপস্থিত ছিলেন মানিকভান্ডার পঞ্চায়েতের প্রধান রাজদ্বীপ দেব, যুব বিষয়ক ও ক্রীড়া দপ্তরের সহঅধিকর্তা ধীমান বিশ্বাস। সভাপতিত্ব করেন দুর্গাচৌমুহনী পঞ্চায়েত সমিতির চেয়ারম্যান সম্পা দাস। উদ্বোধনী অনুষ্ঠানে অতিথীগণ নেশামুক্ত সমাজ গড়ার বিষয়ে বিস্তারিত আলোচনা করেন এবং এই বিষয়ে উপস্থিত যুবক ও যুবতীদের সচেতন হতে আহ্বান জানান। এদিন বালক ও বালিকাদের বিভাগে কাবাডি ও টাগ অব ওয়ার প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। সাংস্কৃতিক অনুষ্ঠানে লোকসংগীত, লোকনৃত্য প্রতিযোগিতা অনুষ্ঠিত হয়। নেশামুক্ত বিষয়ে পরিবেশিত হয় নাটক 'নেশা সর্বনাশা'। প্রতিযোগিতা শেষে বিজয়ীদের হাতে পুরস্কার তুলে দেওয়া হয়। প্রসঙ্গত এর পর অনুষ্ঠিত নগর পঞ্চায়েতভিত্তিক, মহকুমাভিত্তিক প্রতিযোগিতা।

\*\*\*\*\*